



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ৫৪(ক)/ময়মন/

৮৩৫৭

তারিখ: ০৭/০৩/২০১৭

বিষয়: বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।

নির্দেশক্রমে জানানো যাচ্ছে, নিম্নোক্ত শর্তসমূহের অধীনে লংকাখোলা উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতির সময়সীমা ০১/০১/২০১৭ থেকে ৩১/১২/২০১৯ তারিখ পর্যন্ত ৩ (তিন) বছরের জন্য অস্থায়ীভাবে বৃদ্ধি করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

## শর্তসমূহ

- ১। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষকগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- ২। বিদ্যালয়ের স্থায়ী শিক্ষকগণের জন্য গ্রুপ ইন্স্যুরেন্স ও প্রভিডেন্ট ফান্ড চালু করে বোর্ডকে অবহিত করতে হবে।
- ৩। একজন প্রশিক্ষণপ্রাপ্ত শরীরচর্চা শিক্ষক নিয়োগ করে শিক্ষার্থীদের আবশ্যিকভাবে খেলাধুলায় অংশগ্রহণ করানো এবং খেলাধুলার মানোন্নয়নে সচেষ্ট হতে হবে।
- ৪। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৫। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ৩,০০০/- (তিন হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৬। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৭। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।

প্রাপক: প্রধান শিক্ষক  
লংকাখোলা উচ্চ বিদ্যালয়  
পোঃ- শাহগঞ্জ, উপজেলা- গৌরীপুর  
জেলা- ময়মনসিংহ।

স্বাঃ  
বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

মেমো নং- ৮৩৫৭ (৭)

তারিখ: ০৭/০৩/২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। পরিচালক, বেনবেইস নীলক্ষেত, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় উপ-পরিদর্শক  
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক  
০৭/০৩/১৭